

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা


তারিখ: ১৫/০৯/২০২৫ খ্রি.

বিজ্ঞপ্তি


প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ঢাকা এর স্মারক নং- ৩৭.২৪.০০০০.০০০.০০৩.৯৮.০০০১.২০.৩০/১(১৪), তারিখ: ০৩/০৯/২০২৫ খ্রি. মোতাবেক একাদশ থেকে স্নাতক (পাস/সম্মান) শ্রেণিতে অধ্যয়নরত কিন্তু দুর্ঘটনায় গুরুতর আহত, হাসপাতালে চিকিৎসাধীন, অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের ২০২৫-২০২৬ অর্থবছরে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক এককালীন চিকিৎসা অনুদান প্রদান করা হবে। অত্রই শিক্ষার্থীকে ই-চিকিৎসা অনুদান ম্যানেজমেন্ট সিস্টেমের <https://eservice.pmeat.gov.bd/medical> লিংকে প্রবেশ করে চাহিত তথ্যাদি এন্ট্রি দিয়ে আবেদন করতে হবে। শিক্ষার্থীকে দুর্ঘটনায় গুরুতর আহত সমর্থনে সিভিল সার্জন/উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা/সরকারি হাসপাতালের চিকিৎসক কর্তৃক প্রদত্ত চিকিৎসা সনদ, চিকিৎসা গ্রহণ সংক্রান্ত রিপোর্ট ও প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর নির্ধারিত ফরমে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়ন গ্রহণপূর্বক অনলাইনে আপলোড করতে হবে। তারপর আবেদনের প্রিন্টকপি ও প্রয়োজনীয় কাগজপত্রাদি কলেজের প্রশাসনিক শাখায় জমা দিতে হবে এবং অপর ১(এক) কপি নিজের কাছে সংরক্ষণ করতে হবে।

শর্তাবলী:

- ১। অনলাইনে আবেদন ও প্রিন্টকপি কলেজে জমাদানের শেষ তারিখ : ৩১/১০/২০২৫ খ্রি.
- ২। উপবৃত্তি প্রাপ্তির যোগ্যতা:
 - (ক) উচ্চ মাধ্যমিক হতে স্নাতক শ্রেণিতে নিয়মিত ও অধ্যয়নরত হতে হবে;
 - (খ) শ্রেণিকক্ষে কমপক্ষে ৭০% উপস্থিতি থাকতে হবে;
 - (গ) সর্বশেষ পরীক্ষার ফলাফলে শতকরা ৬০ ভাগ নম্বরপ্রাপ্ত হতে হবে;
 - (ঘ) পিতা/মাতা/অভিভাবকের বাৎসরিক আয় ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার কম হতে হবে;
- ৩। ফর্মের সাথে নিম্নোক্ত কাগজপত্র কলেজে জমা দিতে হবে:
 - (ক) শিক্ষার্থীর পাসপোর্ট সাইজের রঙিন ছবি ১কপি;
 - (খ) শিক্ষার্থীর অনলাইন জন্মনিবন্ধন সনদপত্র (১৭ ডিজিট বিশিষ্ট);
 - (গ) শিক্ষার্থীর সকল প্রকার পরীক্ষার নম্বরপত্র;
 - (ঘ) পিতা ও মাতা অথবা অভিভাবকের (পিতা/মাতার অবর্তমানে) NID কার্ড এর ফটোকপি;
 - (ঙ) শিক্ষার্থী অথবা পিতা/মাতার ব্যাংক হিসাব নম্বর দিতে হবে।


(প্রফেসর মোহাম্মদ নাসিমুল হক)
অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা


১৫/০৯/২৫

বিতরণ:

- ১। সম্পাদক, শিক্ষক পরিষদ, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- ২। ডাটা এন্ট্রি অপারেটর, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি। তাঁকে কলেজের ওয়েবসাইটে আপলোড করতে নির্দেশ দেয়া গেল;
- ৩। সংরক্ষণ নথি।